# পার্টনার ফারমার্স হাব নির্মাণ (উদ্যোক্তা ও স্থান নির্ধারণ) সংক্রান্ত গাইডলাইন-২০২৪

(ওয়ান স্টপ সার্ভিস সেন্টার)

প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ
এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)
**কৃষি বিপণন অধিদপ্তর**
ফুলের পাইকারী বাজার (লেভেল-২), দ্বীপ নগর, গাবতলী, মিরপুর-১২১৬

THE WORLD BANK

IFAD
INTERNATIONAL FUND FOR AGRICULTURAL DEVELOPMENT

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

## পার্টনার ফারমার্স হাব নির্মাণ ( উদ্যোক্তা ও স্থান নির্ধারণ) সংক্রান্ত গাইডলাইন-২০২৪

### ১.০ পার্টনার ফারমার্স হাব

দ্রুত পরিবর্তনশীল কৃষি ব্যবস্থা গ্রাম পর্যায়ে আধুনিক কৃষির সম্প্রসারণ ও বাজার ব্যবস্থাপনার সাথে সংযুক্তকরণে বড় ধরণের চ্যালেঞ্জ তৈরি করেছে। এর সাথে জলবায়ু পরিবর্তন ও কৃষিতে তরুণদের আগ্রহের অভাব এই চ্যালেঞ্জগুলোকে আরও জটিল করে তুলেছে। তদুপরি, উৎপাদন থেকে ভোক্তা পর্যন্ত স্টেকহোল্ডারদের মধ্যে সঠিক সংযোগের অভাব এবং চাহিদা অনুযায়ী মানসম্পন্ন কৃষিপণ্য ও প্রযুক্তির অনুপস্থিতি কৃষির অগ্রগতিকে বাধাগ্রস্ত করছে, যার ফলে কৃষি ব্যবসা, কর্মসংস্থান, এবং কৃষকের উন্নয়ন ব্যাহত হচ্ছে।

এই পরিস্থিতিতে, গ্রামীণ পর্যায়ে কৃষক ও কৃষি সংশ্লিষ্ট ভ্যালু চেইনের অংশীদারদের একত্রিত করে একটি কৃষি ব্যবসায়িক মডেল প্রস্তাব করা হয়েছে, যা **"ফারমার্স হাব"** নামে পরিচিত।

ফারমার্স হাব একটি ব্যবসায়িক সেবা উদ্যোগ, যা স্থানীয় তরুণ কৃষি উদ্যোক্তাদের দ্বারা পরিচালিত হয় এবং যেখানে কৃষকরা একই ছাদের নিচে কৃষি সংশ্লিষ্ট যাবতীয় সেবা, মানসম্পন্ন কৃষি উপকরণ, প্রযুক্তি ও পরামর্শ পেয়ে থাকেন। অন্যদিকে, বৃহত্তর কৃষি ব্যবসায়ী, প্রক্রিয়াজাতকারী এবং রপ্তানিকারকরা এখান থেকে তাদের প্রয়োজনীয় কৃষিপণ্য সংগ্রহ করতে পারেন।

গ্রামীণ পর্যায়ে এই **"ফারমার্স হাব"** একটি "সেন্টার অফ এক্সিলেন্স" এর ভূমিকা পালন করে, যা কৃষকদের আধুনিক কৃষি প্রযুক্তি ও উপকরণের মাধ্যমে উত্তম কৃষি চর্চা ও উৎপাদন বৃদ্ধিতে সহায়তা করে। ফলে, কৃষকরা লাভবান হয়, যুবক-যুবতীদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়, এবং পরিচ্ছন্ন সাপ্লাই চেইনের মাধ্যমে বৃহত্তর কৃষি ব্যবসায়ীরা কৃষিপণ্য রপ্তানি, প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণে আরও কার্যকর ভূমিকা রাখতে পারে।

### ১.১ ফারমার্স হাবের সেবাসমূহ:

১। ফসল ক্রয় ও বিক্রয়ের সুবিধা;
২। ওয়াশিং, সর্টিং, গ্রেডিং ও ওজন করার সুবিধা;
৩। এগ্রিগেশন ও প্যাকিং সুবিধা;
৪। সংগ্রহত্তোর ব্যবস্থাপনার সুবিধা (প্লাষ্টিক ক্রেট ও ভ্যান ভাড়া)
৫। কৃষি উপকরণ বিক্রয় সেবা (উন্নতমানের চারা, বীজ, জৈব সার, মালচিং ফিল্ম ও ক্ষুদ্র কৃষি যন্ত্রপাতি ভাড়া/বিক্রয়);
৬। কৃষি বিষয়ক পরামর্শক সেবা।

### ১.২ অবকাঠামোর তালিকা:

১। উন্মুক্ত স্পেস (লোডিং-আনলোডিং ও ক্রয়-বিক্রয়ের জন্য);
২। কালেকশন স্পেস/কর্নার; (গ্রেডিং-সর্টিং, প্যাকিং, ওজন ইত্যাদি);
৩। কৃষি বিষয়ক পরামর্শর জন্য নির্ধারিত একটি রুম;
৪। ওয়াশিং চেম্বার
৫। ওয়াশিংয়ের জন্য সাবমার্সিবল/মোটর চালিত টিউবওয়েল; (বিদ্যুৎ সংযোগ সম্বলিত)। চারা উৎপাদন, কৃষিপণ্য ওয়াশিং এর জন্য পানির প্রয়োজন হবে, বিদ্যুত লাইন ও বিদ্যুৎ বিল উদ্যোক্তাকে বহন করতে হবে;
৬। ট্রে সম্বলিত মাটি বিহীন চারা উৎপাদন, চারা উৎপাদনের জন্য পলিশেড নির্মিত একটি চেম্বার;
৭। বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (জিএপি) পদ্ধতির আওতায় উৎপাদিত পণ্য বিক্রয় প্রদর্শনী ও ক্রেতার সাথে সংযোগের জন্য একটি নিরাপদ কৃষি পণ্যের কর্ণার।

**১.৩ অবকাঠামোগত ব্যয়:**

১। অবকাঠামোগত (১.২ অবকাঠামো তালিকা অনুযায়ি) সকল ব্যয় সরকারিভাবে পার্টনার প্রোগ্রাম ডিএএম অঙ্গ (কোড নং-৪১১১২০১ অনবাসিক ভবন) হতে ১৫.০০ লক্ষ টাকা (ভ্যাট ও আয়করসহ) ব্যয় নির্বাহ করা হবে।

**১.৪ উদ্যোক্তার সুবিধাসমূহ: (আয়ের উৎসসমূহ)**

১। কৃষি উপকরণ ( বীজ, জৈবসার, মালচিং সিট ইত্যাদি) বিক্রি ও ভাড়া থেকে লাভ/আয় করতে পারবে এবং  ক্ষুদ্র মেশিনারিজ ভাড়া ও বিক্রয় থেকে আয় করতে পারবে।

২। পলিশেডের ভিতরে ট্রেতে উৎপাদিত মানসম্মত চারা বিক্রয় থেকে মুনাফা;

৩। কৃষকের পণ্য বিক্রির জন্য নীতিমালা অনুযায়ী পণ্য বিক্রির ব্যবস্থা করে কৃষক ও ব্যবসায়ী থেকে নির্ধারিত পরিমান কমিশন আদায় করতে পারবে অথবা সরাসরি ক্রয়-বিক্রয়ের মাধ্যমে লাভ করতে পারবে। আড়তদারের কমিশন এবং সাধারণ বাজারের ইজারা্র পরিমাণ থেকে কৃষক অনেক কম কমিশন দিয়ে পণ্য বিক্রয় ও হাব মালিক বা ম্যানেজারের কাছে বিক্রি করতে পারবে;

৪। হাবের মালিক এবং বিজনেস স্কুলের সদস্যরা সম্মলিত ভাবে ম্যাচিং গ্রান্ট নীতিমালা অনুযায়ি প্রোগ্রাম থেকে পরিবহন সুবিধা (মিনি ট্রাক/পিকআপ) নিতে পারবে;

৫। একজন তরুণ/যুবক/নারী কৃষি বিষয়ক পরামর্শ সেবা দিতে পারবেন (এতে উদ্যোক্তা বা অপারেশন ম্যানেজার এর নিজ এলাকায় সুনাম বৃদ্ধির সাথে সাথে ব্যবসার পরিধি বাড়বে।

৬। উদ্যোক্তা বা হাবের মালিক বা নির্বাচিত ম্যানেজারকে **সাসটেইনেবল এগ্রিকালচার ফাউন্ডেশন বাংলাদেশ (এসএফবি)** এর মাধ্যমে প্রোগ্রামের আওতায় হাব পরিচালনার বিষয়ে বিস্তারিত কারিগরি সহয়তা (প্রশিক্ষন, কারিগরি দক্ষতা ও মনিটরিং) প্রদান করা হবে।

**(১ম ধাপ- উদ্যোক্তা ও স্থান নির্ধারণ)**

**১.৫ উদ্যোক্তা বা অপারেশন ম্যানেজার নির্বাচনের শর্ত:**

১। মালিকানার ধরন: পার্টনার ফারমার্স হাব পরিচালনার জন্য নির্ধারিত জায়গা একক মালিকানার হতে হবে।

২। বিনিয়োগকারী/অপারেশন ম্যানেজার তরুণ ও শিক্ষিত হতে হবে (শিক্ষাগত যোগ্যতা ন্যুনতম ৮ম শ্রেণী)। এস. এস. সি/কৃষি বিষয়ে ডিপ্লোমা পাস উদ্যোক্তাদের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা যাবে।

৩। উদ্যোক্তাবা পরিচালনাকারীকে ফারমার্স হাবকে প্রধান পেশা হিসেবে বেছে নিতে হবে।

৪। ন্যূনতম ২/৩ বছরের কৃষিপণ্য উৎপাদন, কৃষি উপকরণ (চারা, বীজ, সার, মেশিনারিজ) ও কৃষিপণ্যের ব্যবসায়িক কাজে অভিজ্ঞরা অগ্রাধিকার পাবে। স্থানীয় বেকার শিক্ষিত যুবকরাও উদ্যোক্তা বা অপারেশন ম্যানেজার হতে পারবে। এক্ষেত্রে পারিবারিক পেশা কৃষি হতে হবে।

৫। উদ্যোক্তা/অপারেশন ম্যানেজারের বয়স ন্যূনতম ২০-৪৫ বছর হবে।

৬। উদ্যোক্তাকে নিজ এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৭। উদ্যোক্তার চলতি মুলধন হিসেবে হাব পরিচালনা করার জন্য নগদ টাকা বিনিয়োগ করার সামর্থ থাকতে হবে (ন্যূনতম দুই লক্ষ টাকা) ।

৮। পার্টনার ফারমার্স হাবের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণের বিষয়ে পার্টনার প্রোগ্রাম-কৃষি বিপণন অধিদপ্তর বরাবর তিনশত টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্মতি প্রদান করতে হবে (জমি অধিগ্রহণ করা হবে না অর্থ্যাৎ ব্যবহারের জন্য কোন প্রকার ভাড়া বা সরকারি আর্থিক সুবিধা প্রদান করা হবে না। বিনিয়োগকারির নিজ বা নিজ পরিবারের জমিকে অগ্রাধিকার দেওয়া হবে। লীজকৃত জমির ক্ষেত্রে স্ট্যাম্পে দীর্ঘমেয়াদী ১০ বছরের বন্দোবস্ত (হাবের মালিক ও জমিদাতা) থাকতে হবে। হাবের জন্য ব্যবহৃত জমি অন্য কোন কাজে বা স্থাপনার জন্য ব্যবহার করা যাবে না।

৯। জমির পরিমান ন্যূনতম ১০ শতাংশ হতে হবে। ১০ শতাংশের অধিক জমির ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া যাবে।

১০। সমতল ভূমি হতে উচুঁ হতে হবে (ডোবা-নালা ইত্যাদি পরিহার করতে হবে) । ভূমি উন্নয়নের জন্য অর্থ ব্যয় হবে এমন কোন স্থান পরিহার করতে হবে। ভূমি উন্নয়ন বাবদ কোন অর্থ প্রোগ্রাম থেকে প্রদান করা হবে না। ভূমি উন্নয়নের কোন অর্থ প্রয়োজন হলে উদ্যোক্তাকে ভূমি উন্নয়ন বাবদ সম্পূর্ণ অর্থ নিজেকে বহন করতে হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী, দীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

১১। উদ্যোক্তাকে বিনিয়োগের ঝুঁকি গ্রহণ ও ভবিষ্যৎ সম্ভবনার বিষয়ে উদ্যোগী হতে হবে।

১২। উদ্যোক্তা বা পরিচালনাকারীকে স্মার্ট ফোন ব্যবহারে পারদর্শী হতে হবে।

**১.৬ স্থান নির্বাচনের বৈশিষ্ট্য:**

১। গ্রামীন এপ্রোচ রোডের (পাকা সড়ক) সাথে সংযোগ থাকতে হবে।

২। অধিক সংখ্যক কৃষক ও ব্যবসায়ী সমাগম হয় এমন এলাকা হতে হবে (যেমন-গ্রামীন বাজার, রোডের পাশে, ইউনিয়ন পরিষদের আশে পাশে, নার্সারি বা চারা উৎপাদিত এলাকা)। ৩-৬ কিলোমিটারের মধ্যে ৫০০-১০০০ কৃষক বসবাসকারী এমন এলাকা অগ্রাধিকার পাবে।

৩। অধিক শাকসবজি উৎপাদিত এলাকা হতে হবে (যেমন-বাধাকপি, ফুলকপি, কাচা মরিচ, বেগুন, টমেটো, শসা, সিম, মিষ্টি কুমড়া, করলা, পেঁপে, আলু ইত্যাদি); ফল (যেমন-আম, কাঁঠাল, পেয়ারা, লিচু, লেবু, ইত্যাদি)।

৪। বাণিজ্যিক ভাবে ২-৩ টি শস্য ভালো হয় এমন এলাকা নির্বাচন করতে হবে।

৫। মার্কেট এক্টর বিজনেস স্কুলের সদস্যরা হাব থেকে সেবা পেতে পারে এমন এলাকাকে অগ্রাধিকার দিতে হবে (৫-৬ কিলোমিটার দূরত্বের আওতায় মার্কেট এক্টর বিজনেস স্কুল গঠন করা হয়েছে এমন এলাকা) ।

৬। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাংলাদেশ উত্তম কৃষি চর্চা (জিওপি) প্রটোকলের প্রদর্শনী প্লট আছে এমন ৬ কিলোমিটার দূরত্বের মধ্যে। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলার উপজেলা কৃষি অফিসারের সহযোগিতা নিতে হবে।

৭। স্থানীয় নিয়মিত পাইকারী বাজার হতে সর্বনিম্ন ১.৫-২ কিলোমিটার দূরত্ব হলে ভালো হয়।

## ২য় ধাপ (আবেদনপত্র গ্রহণ, যাচাই ও সুপারিশ)

**১.৭ উদ্যোক্তা বাছাইয়ের ধাপ সমুহ**

১। নির্বাচিত এলাকায় প্রচার-প্রচোরনা চালানো হবে। সেক্ষেত্রে মাইকিং/লিফলেট/পোষ্টার ব্যবহার করা হবে।

২। ফারমার্স হাব সমন্ধে ধারনা পাওয়ার পর তাদের আবেদন পত্র সরবরাহ করা হবে।

৩। আবেদনকৃত উদ্যোক্তাদের যাচাই-বাছাই করে চুড়ান্ত তালিকা তৈরী করা হবে (নির্বাচন কমিটির মাধ্যমে)

**১.৮ আবেদনপত্র গ্রহণ**

প্রস্তাবিত স্থান নির্ধারণের প্রেক্ষিতে সম্ভাব্য উদ্যোক্তাদের নিকট আবেদনপত্র (**পরিশিষ্ট-১: আবেদনপত্র**) প্রেরণ করতে হবে। নির্ধারিত মানদন্ডের উপর ভিত্তি করে নিম্নলিখিত মূল্যায়ন কমিটি আবেদনপত্র যাচাই-বাছাই করে এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার ডিএএম-অঙ্গ বরাবর চুড়ান্ত সুপারিশ করবে।

**১.৮.১ স্থান নির্ধারণ ও উদ্যোক্তার প্রস্তাব মূল্যায়ন কমিটি**

| ক্রমিক নং | নাম, পদবী ও অফিস | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১ | উপপরিচালক,<br>কৃষি বিপণন অধিদপ্তর<br>সংশ্লিষ্ট বিভাগীয় কার্যালয় | **সভাপতি** |
| ২ | এজেন্সি প্রোগ্রাম ডিরেক্টর/ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর/সিনিয়র মনিটরিং অফিসার | সদস্য |
| ৩ | ডিরেক্টর- লাইভলিহুড এন্ড ইকোনোমিক গ্রোথ/প্রোগ্রাম ম্যানেজার- ইকোনোমিক গ্রোথ<br>সাসটেইনেবল এগ্রিকালচার ফাউন্ডেশন বাংলাদেশ (এসএএফ বাংলাদেশ) সংশ্লিষ্ট অঞ্চল<br>**[কারিগরি সহায়তা প্রদানকারী প্রতিষ্ঠানের পক্ষে]** | সদস্য |
| ৪ | মনিটরিং অফিসার, পার্টনার প্রোগ্রাম, সংশ্লিষ্ট অঞ্চল | সদস্য |
| ৫ | উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সংশ্লিষ্ট উপজেলা | সদস্য |
| ৬ | সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা | **সদস্য সচিব** |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অঙ্গ

**১.৮.২ কমিটির কার্যপরিধি**

১) সংশ্লিষ্ট স্থান পরিদর্শন করা এবং প্রস্তাবিত বিনিয়োগকারীদের তালিকা প্রণয়ন করে আগ্রহীদের মধ্যে আবেদনপত্র বিতরণ করা;

২) আগ্রহী উদোক্তাদের আবেদনপত্র যাচাই-বাছাই করে চুড়ান্ত প্রস্তাব এজেন্সি প্রোগ্রাম ডিরক্টর, পার্টনার-ডিএএম অঙ্গ বরাবর সুপারিশ করা;

৩) কমিটি সংশ্লিষ্ট প্রতিনিধির সমন্বয়ে (প্রোগ্রাম কর্মকর্তা ব্যতীত) সর্বোচ্চ ৩টি প্রস্তাব নির্ধারণ করে ২ নং ক্রমিকের প্রোগ্রামের সদস্যকে অবহিত করবে এবং পরবর্তীতে কমিটির সকল সদস্যের সমন্বয়ে ১টি চুড়ান্ত প্রস্তাব নির্ধারণ করে এজেন্সি প্রোগ্রাম ডিরক্টর, পার্টনার ডিএএম-অঙ্গ বরাবর সুপারিশ করবে;

৪) কমিটি প্রয়োজনে অন্য কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে;

৫) ডিএলআর-৯.২ এর অধীন প্রোগ্রাম ফর রেজাল্ট (পিফরআর) হওয়ায় প্রোগ্রামের অর্থ ছাড় এবং বরাদ্দ অনুযায়ি বাস্তবতার নিরিখে প্রয়োজনে কমিটি চুড়ান্ত প্রস্তাব বাতিল/স্থগিত করতে পারবে।

**১.৮.৩ যোগাযোগ**

**পার্টনার ফারমার্স হাব নির্মাণ (উদ্যোক্তা ও স্থান নির্ধারণ) সংক্রান্ত গাইডলাইন** এর ব্যাপারে সহযোগিতার জন্য জনাব মাসুদ রানা, ডেপুটি প্রোগ্রাম ডিরেক্টর, পার্টনার প্রোগ্রাম, ডিএএম অঙ্গ (**মোবাইল-০১৭৩৬-১২৫৫৪৬**) এর সাথে ফোনে যোগাযোগ করা যেতে পারে।

**পরিশিষ্ট-১**

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এ্যান্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন, এন্ট্রিপ্রিনিউরশিপ এ্যান্ড রেজিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার-ডিএএম অংগ)
**কৃষি বিপণন অধিদপ্তর**
ফুলের পাইকারি বাজার (২য় তলা)

| **উদোক্তার ছবি** |
|---|
| (সদ্য তোলা পার্সপোর্ট সাইজ) |

# আবেদনপত্র

**তারিখ:..........................**
বরাবর
সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা/কৃষি বিপণন কর্মকর্তা
জেলা................................ ।।

**আবেদনপত্র নম্বর** [ ]

**(☐ টিক চিহ্ন দিন)**

| | | |
|---|---|---|
| **১। নাম** | : | |
| **২। পিতার নাম** | : | |
| **৩। মাতার নাম** | : | |
| **৪। মোবাইল নম্বর** | : | |
| **৫। লিঙ্গ** | : | **পুরুষ.....মহিলা.....** |
| **৬। জাতীয় পরিচয়পত্র নম্বর** | | |
| **৭। ঠিকানা** | : | গ্রাম.................উপজেলা.................<br>জেলা.................... |
| **৮। বয়স (বছর)** | : | ...............বছর |
| **৯। শিক্ষাগত যোগ্যতা (শ্রেণি)** | : | ..................শ্রেণি। |
| **১০। প্রস্তাবিত এলাকায় চাষযোগ্য প্রধান ফসল (৩-৫ টি ফসল)** | : | ১) ২) ৩) ৪) ৫) |
| **১১। ফারমার্স হাবের স্থানের ঠিকানা** | : | ...................................................। |
| **১২। অতীত অভিজ্ঞতা (বছর)** | : | ১। কৃষি ব্যবসায়িক কাজ (উপকরণ, কৃষিপণ্য) ............ বছর<br>২। উৎপাদিত কৃষিপণ্য সেক্টরে অভিজ্ঞতা..................বছর |
| **১৩। মালিকানার ধরণ** | : | একক |
| **১৪। প্রস্তাবিত জমির পরিমাণ (ফারমার্স হাবের জন্য) [শতাংশ]** | : | .........................শতাংশ |
| **১৫। ভূমি উন্নয়নের প্রয়োজন (হ্যাঁ/না) যদি ভূমি উন্নয়নের প্রয়োজন হয় তবে ভূমি উন্নয়ন বাবদ অর্থের পরিমাণ** | : | ☐ হ্যাঁ ☐ না<br>অর্থের পরিমাণ....................(টাকা) |
| **১৬। পাকা সংযোগ সড়ক থেকে হাবের দূরত্ব (কি.মি.)** | : | ............. কিলোমিটার |
| **১৭। ফারমার্স হাবের ৬ কিলোমিটারের মধ্যে কৃষকের সংখ্যা (জন)** | : | ....................জন |
| **১৮। প্রস্তাবিত হাবের স্থান থেকে নিকটবর্তী বাজারের দূরত্ব** | : | .............. কিলোমিটার |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ী? দ্বীপনগর, গাবতলী
মিরপুর, ঢাকা।
পার্টনার-ডিএএম অংগ

| | | |
|---|---|---|
| **১৯। চলতি মূলধন (ন্যূনতম ২.০০ (দুই) লক্ষ টাকা) [ হাবের ব্যবসা পরিচালনা ও সম্প্রসারণের জন্য]** | : | .....................(টাকা) |
| **২০ অর্থের উৎস (নিজস্ব মূলধন, ধার, ব্যাংক ঋণ, অন্যান্য উৎস থেকে ঋণ)** | : | ........................ |
| **২১। ফারমার্স হাবের উদ্যোক্তা হিসেবে ব্যবসা পরিচালনার জন্য চুক্তির মেয়াদ (ন্যূনতম ১০ বছর)** | : | ........................বছর। |
| **২২। নিজ নামে কোন মামলা আছে কি না (হ্যাঁ/না)** | : | ☐হ্যাঁ ☐ না |
| **২৩। আইনগত ডকুমেন্ট (যদি থাকে)** | : | ১। ইউনিয়ন পরিষদ থেকে ট্রেড লাইসেন্স ২। নার্সারি সার্টিফিকেট ৩। উপকরণ বিক্রেতা হিসেবে প্রাপ্ত লাইসেন্স |
| **২৪। প্রয়োজনীয় ডকুমেন্ট (আবশ্যিক)** | : | ১। জাতীয় পরিচয়পত্র ২।শিক্ষাগত যোগ্যতার সনদ ৩। ২ কপি পার্সপোর্ট সাইজের ছবি |
| **২৫। সম্মতিপত্র** | : | ☐ আমি সম্মতিপত্রে উল্লেখিত সকল শর্ত, পার্টনার ফারমার্স হাব নির্মাণ (বিনিয়োগকারী ও স্থান নির্ধারণ) সংক্রান্ত গাইডলাইন-২০২৪ এবং ফারমার্স হাব পরিচালনা নির্দেশিকা অনুযায়ি হাব পরিচালনা করার জন্য সকল শর্তাদি মেনে চলতে প্রতিজ্ঞাবদ্ধ। |

উদ্যোক্তার স্বাক্ষর........................................

**অর্থায়নে:**

THE WORLD BANK

IFAD
INTERNATIONAL FUND FOR AGRICULTURAL DEVELOPMENT

২৭।০৮।২০২৪
মাসুদ রানা
সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা
কৃষি বিপণন অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা।